Battle of the Hearts & Minds



শাইখ আনোয়ার আল আওলাকি




ডানপিটে
Danpite Media

ডানপিটে মিডিয়ার বিতরণ সংক্রান্ত বিশেষ অনুরোধঃ

এই গ্রন্থের টিকাসহ যে কোন অংশে কোন প্রকার সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিমার্জন ব্যতিরেকে যে কোন ব্যাক্তি প্রকাশনাটি প্রচার বা বিতরণ করার নিঃশর্ত অধিকার রাখেন।

ডানপিটে মিডিয়ার দায়ভার সংক্রান্ত স্বীকারোক্তিঃ

ডানপিটে মিডিয়ার দায়িত্ব শুধু ততটুকুতেই সীমাবদ্ধ থাকবে যতটুকু এই গ্রন্থের লেখকের বক্তব্যের সাথে আমরা একমত পোষণ করে প্রকাশ করেছি। একই লেখকের অন্য কোন বক্তব্য বা উক্তি থেকে আমরা সম্পুর্ন দায় মুক্ত।

সম্পাদকের কথা

আমরা বিশ্বাস করি, বহুদিন ধরে জুলুম আর মিথ্যাচারের মাধ্যমে বাঙ্গালীর লুণ্ঠিত ইসলামী মূল্যবোধকে জাগিয়ে তুলতে বাংলাভাষী কিছু সংখ্যক সত্য প্রচারকারীর সাহসী পদক্ষেপ এই ভীরু সমাজে আবারও জন্ম দিতে পারে তিতুমিরের (রঃ) মত অসংখ্য ডানপিটে মুজাহিদের। আমরা আল্লাহ্‌র কাছে তাওফীক চাই যেন হক্ব ও বাতিলের মধ্যে চলমান বিশ্বময় জিহাদে বাঙ্গালী জাতিও তার মূল্যবান অংশগ্রহণে পিছপা না হয়। তাই আলহামদুলিল্লাহ্‌ আমরা নিজেদের ছাপোষা জীবনের ইতি টেনে বেঁছে নিয়েছি ডানপিটে জীবনকে, আর যারা সত্য শোনার প্রকৃত সাহস রাখে তাদের আশ্বাস দিচ্ছি, যদি তুমি সত্যিই সাহস রাখো সত্য শুনতে, পরিণতির কথা ভেবে আমরা কখনো দ্বিধা দেখাবনা তোমায় সত্য শুনাতে। আমরা দক্ষ কৃষকের মত হৃদয় চিরে স্বপ্নের বীজ বুনে যাবো, তোমার হৃদয়ের উর্বরতা পেলেই তা হয়ে যাবে বিশাল মহীরুহ। জেনে রাখো ভাই, ননীর পুতুল থাকার দিন বহু আগেই শেষ হয়ে গেছে, তাই বাড়াও তোমার হাত কে আছো ডানপিটে হবে?

সম্পাদক
ডানপিটে মিডিয়া

সূচিপত্র

মনস্তাত্ত্বিক যুদ্ধ

প্রিয় ভাই ও বোনেরা, আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ। সকল প্রশংসা আল্লাহ তায়ালার জন্য নিবেদিত যিনি বিশ্ব জাহানের প্রতিপালক, সালাত ও সালাম বর্ষিত হোক বিশ্ব নবী মুহাম্মাদ *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* এর উপর। আমরা আল্লাহ আযযা ওয়া জাল্লার কাছে দোয়া করি যেন তিনি আমাদের সকল নেক আমলগুলিকে দয়া করে কবুল করেন। আমরা আরো দোয়া করি যেন আল্লাহ আযযা ওয়া জাল্লা আমাদেরকে কল্যাণময় জ্ঞান দান করেন। আল্লাহুম্মা ইন্না নাসআলুকা ইলমান নাফিয়া ওয়া নাউযুবিকা মিন ইলমিন লা ইয়ানফা

পূর্ব ঘোষণা অনুযায়ী আমাদের আজকের আলোচ্য বিষয় হলো- **'মনস্তাত্ত্বিক যুদ্ধ'**। আমি আজকের আলোচনার শুরুতেই আপনাদেরকে ২০০৭ সালে র‍্যান্ড ইনস্টিটিউশন কর্তৃক **Civil Democratic Islam**[1] শিরোনামে প্রকাশিত রিপোর্টের একটি অংশ পড়ে শোনাবো। রিপোর্টটির এক জায়গায় বলা হয়েছে,

"The struggle under way throughout much of the Muslim world is essentially a war of ideas, its outcome will determine the future direction of the Muslim world"

অর্থাৎঃ **"গোটা মুসলিম বিশ্বে আজ তাদের নিজেদের মধ্যে একটি লড়াই চলছে , যে লড়াই হলো মুলতঃ বিশ্বাস ও মতাদর্শের লড়াই, এই লড়াইয়ের ফলাফলই নির্ধারণ করবে মুসলিম বিশ্বের ভবিষ্যত কী হবে।"**

আসলেই সত্য, গোটা মুসলিম বিশ্ব জুড়েই বর্তমানে বিশ্বাস ও মতাদর্শের এক মনস্তাত্ত্বিক লড়াই চলছে। এই লড়াই যদিও চলছে মুসলিম বিশ্বে কিন্তু এই লড়াই উস্কে দেয়ার পেছনে রয়েছে আমেরিকার ঘৃণ্য হাত। মুসলিম জাতির আভ্যন্তরীণ এই আদর্শিক লড়াইয়ে আমেরিকার ভুমিকা কি তা আমাদের কাছে স্পষ্ট হয়ে উঠবে এ বিষয় সম্পর্কে অন্য আর একটি রিপোর্ট পড়লেই। আমেরিকার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের চতুর্মাসিক এক রিপোর্টে বলা হয়েছে,

"The United states is involved in a war that is both a battle of arms and a battle of ideas. A war in which, ultimate victory, will be achieved only when extremist ideologies are discredited in the eyes of their host populations and passive supporters."

অর্থাৎ **"ইউনাইটেড স্টেট বর্তমানে এমনই এক যুদ্ধে লিপ্ত যা একই সাথে সামরিক ও আদর্শিক । এ যুদ্ধে চুড়ান্ত বিজয় কেবল তখনই অর্জিত হওয়া সম্ভব যখন চরমপন্থিদেরকে (মুজাহিদদেরকে) তাদের নিজ জাতি, পরোক্ষ সমর্থক ও আপন জনগনের চোখে খারাপ ও কলঙ্কিত করে তোলা যাবে।"**

[1] Civil Democratic Islam বইটি ইংলিশে পড়তে চাইলে ভিজিট করুন
http://www.rand.oorg/rgorgpubs/monograph_reports/mr1716h.html

তাহলে আমরা দেখতে পেলাম যে, র‍্যান্ড ও পেন্টাগনের মতে মুসলিম বিশ্বের জনগনের নিজেদের মধ্যে এক মারাত্নক আদর্শিক দন্দ্ব সংঘাত চলছে- এবং তাদের কথা এক্ষেত্রে আসলেও সত্য; তবে এখানে গুরুত্বপূর্ণ বিষয় হলো মুসলমানদের এই আভ্যন্তরিণ দন্দ্ব সংঘাতে আমেরিকার সম্পৃক্ততা কতোখানি, এর পেছনে তাদের স্বার্থ কী? এবং আমাদের আরো জানা দরকার যে মুসলিম জনগণের মধ্যে এই দন্দ্ব সংঘাতের পক্ষ প্রতিপক্ষ কারা?

আপনাদের সদয় অবগতির জন্য বলছি, এই দন্দ্ব সংঘাতের **এক পক্ষ হলো সেই সব একনিষ্ঠ তাওহীদবাদী মুসলিমগন যারা আল্লাহ র দ্বীনকে পূর্ণাঙ্গভাবে এবং হুবহু সেইভাবে অনুসরণ করতে চান যেভাবে মহান আল্লাহর তরফ থেকে তাঁর নবী মুহাম্মাদ *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* এর উপর নাযিল হয়েছে ।**

দ্বিতীয় পক্ষ হলো তারা যারা আল্লাহর দ্বীনকে পরিপূর্ণরূপে মানতে রাজি নয়; বরং তারা কেবল দ্বীনের ততোটুকু মানতে চায় যতোটুকু তাদের মনোপুত হয়, যতোটু কু মানতে তাদেরকে তেমন কোনো কষ্ট ক্লেশ স্বীকার করা কিংবা ত্যাগ তিতিক্ষার প্রয়োজন হয় না এবং তাও কেবল সেভাবে মানতে চায় যেভাবে সমাজে প্রচলিত কিংবা বাপ দাদারা করে এসেছে । আর আল্লাহর অন্যান্য হুকুমগুলিকে তারা অবলিলায় উপেক্ষা ও প্রত্যাখ্যান করে যায়।

তবে এই পরিসিতি মুসলিম জাতির ইতিহাসে নতুন কিছু নয়; বরং প্রত্যেক যুগেই আহলুল হক্ব বা আপষহীন সত্যপন্থিরা যেমন থাকেন তেমনি সত্যপথ থেকে বিচ্যুত একদল বাতিলপন্থি কুচক্রিও থাকে। মুসলিম জাতির গোটা ইতিহাসের সাথে আল্লাহ তায়ালা এই দন্দ্ব সংঘাতকে এক অবিচ্ছেদ্ধ অংশ বানিয়ে রেখেছেন; এমনকি উম্মাতে মুহাম্মাদীর পূর্বেকার অন্যান্য ইমানদার উম্মাতের মাঝেও এই সমস্যা বিদ্যমান ছিলো। যেমন বনী ইসরাঈল জাতি তাদের মধ্যে যেমন সত্যপন্থিরা ছিলেন তেমনি ছিলো সেই সব কুচক্রির দল যাদের ব্যপারে আল্লাহ তায়ালা বলেছেন,

يُحَرِّفُونَ الْكَلِمَ عَنْ مَوَاضِعِه

তারা আল্লাহর কালামকে তার সঠিক অর্থ থেকে বিকৃত করে ফেলতো । (সূরা আল মাইদাঃ ১৩)

এই কুচক্রির দল আল্লাহর কিতাব তাওরাতের আয়াতসমূহকে বিভিন্নভাবে বিভিন্ন কারণে বিকৃত করতো। কারণসমূহের মধ্যে একটি কারণ ছিলো শাসকদের চাটুকারীতা ও পদলেহন করে তাদেরকে খুশী করা। তারা বিভিন্ন সময় বিভিন্ন শাসকদের অধীনে থাকার কারণে একেক শাসককে খুশী করার জন্য যখন যেমন দরকার তেমন করে আল্লাহর কালামকে বিকৃত করতো। যেমন তারা এক সময় রোমান সাম্রাজ্যের অধিনে বসবাস করতো, আর তখন রোমানরা ছিলো পৌত্তলিক। তারা ব্যবিলন শাসকের অধিনেও বসবাস করেছে, আর তারাও ছিলো পৌত্তলিক।

বিভিন্ন তাফসীর গ্রন্থে উল্লিখিত ঘটনা মোতাবেক বনী ইসরাঈলের রাবাইরা (আলেম - ওলামারা) ব্যবিলন শাসককে খুশী করার জন্য এক মহিলার সাথে তার অবৈধ সম্পর্ক রাখাকে বৈধতা দিয়ে ফতোয়া জারী করেছিলো। শুধু এক জন মানুষকে খুশী করার জন্য তারা গোটা বিশ্ব জাহানের মালিক আল্লাহ আযযা ওয়া জাল্লার বিধানকে পরিবর্তন করে ফেলেছিলো।

এখন লক্ষ করার বিষয় হলো, মুসলিম সমাজের এই আভ্যন্তরীণ আদর্শিক সমস্যার ব্যপারে এই অমুসলিমদের এতো আগ্রহ ও সম্পৃক্ততা কেন? কেন তারা এই দন্দ্ব সংঘাতে একটি পক্ষ হিসেবে আবির্ভূত

হলো? এই প্রশ্নের উত্তর পেতে ইউ এস নিউজ এবং ওয়ার্ল্ড রিপোর্টের একটি বক্তব্য এ প্রসংগে আমি আপনাদের সামনে তুলে ধরছি,

"Today Washington is fighting back after repeated missteps since the 911 attacks, the US government has embarked on a campaign of political warfare unmatched, since the height of the cold war. From military psychological operations teams and CIA covert operatives to openly funded media and think tanks, Washington is plowing tens of millions of dollars into a campaign to influence not only Muslim societies but Islam itself."

অর্থাৎ **"৯/১১ এর আক্রমনের পর বারবার ভুল পদক্ষেপ নিলেও ওয়াশিংটন এখন ঠিকই লক্ষ্যভেদী পাল্টা আক্রমন হেনে যাচ্ছে। স্নায়ু যুদ্ধ পরবর্তী সময়ের চেয়েও আরো ব্যপক রাজনৈতিক যুদ্ধের প্রচারণা চালিয়ে যাচ্ছে যুক্তরাষ্ট্র সরকার। সামরিক মনস্তাত্ত্বি ক যুদ্ধ এবং সি. আই. এ. এর গোপন অভিযান পরিচালনাকারী দলগুলো গনমাধ্যম (রেডিও, টিভি, সংবাদপত্র) এবং বিভিন্ন দেশের বুদ্ধিজীবী দের প্রকাশ্যে অর্থনৈতিক সাহায্য দেয়া আরম্ভ করেছে। ওয়াশিংট ন মিলিয়ন মিলিয় ন ডলার ব্যয় করে যাচ্ছে এমন এক প্রচারণায় যার উদ্দেশ্য কেবল মুসলিম সমাজকে ই প্রভাবিত করা নয়; বরং স্বয়ং ইসলামকে বিকৃত করে ফেলা।"**

আমরা আপনাদেরকে আবারও স্বরণ করিয়ে দিতে চাই এখানে তারা স্বয়ং ইসলামকে পরিবর্তন করে বিকৃত করে ফেলতে চাইছে। ইউ. এস. এ নির্লজ্জের মতো প্রকাশ্যে ঘোষণা দিয়ে বলছে যে **"আমাদের একান্ত ইচ্ছা হলো যে আমরা শুধু মুসলিম সোসাইটিকে প্রভাবিত করতে পেরেই সন্তুষ্ট নই , আমরা তাদের ধর্মকেই পরিবর্তন করে ফেলতে চাই।"** বনী ইসরাঈলের সময় যেসব রাবাইরা আল্লাহর কিতাবকে বিকৃত করেছিলো তারাও তা প্রকাশ্যে ঘোষণা দিয়ে করার সাহস পায়নি, আর এরা কোনো রকম রাখ ঢাক না রেখে প্রকাশ্যে ঘোষণা দিয়ে বলছে যে **"আমরা ইসলামকে বদলে ফেলতে চাই"**।

ইউ এস নিউজ এন্ড ওয়ার্ল্ড রিপোর্ট এরপর বলছে,

"In at least two dozen countries, Washington has quietly funded Islamic radio and TV shows, course work in Muslim schools, Muslim think tanks, political workshops or other programs that promote moderate Islam. Federal aid is going to restore Mosques, to print Quran even build Islamic schools".

অর্থাৎ **"ওয়াশিংটন গোপনে কমপক্ষে দুই ডজন দেশে অর্থ সাহায্য দিয়ে যাচ্ছে । (তাদের প্রণীত) মডারেট ইসলামকে জনপ্রিয় করার উদ্দেশ্যে রেডিও টেলিভিশনে ইসলামী অনুষ্ঠান (!) প্রচার, মুসলিম স্কুলে বিভিন্ন কোর্স চালু করা, রাজনৈতিক কর্মশালা করা, 'মুসলিম' বুদ্ধিজীবীদের ক্রয় করা, মসজিদ নির্মাণ, কোরআন ছাপা, ইসলামী স্কুল প্রতিষ্ঠা ইত্যাদি কর্মকাণ্ডের জন্য যুক্তরাষ্ট্রের কেন্দ্রিয় সরকার অর্থ সাহায্য দিয়ে যাচ্ছে।"**

আমরা এখানে দেখতে পাচ্ছি যে তারা তাদের প্রণীত আধুনিক ইসলামের প্রচার ও প্রসারের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার ব্যয় করে যাচ্ছে।

প্রিয় ভাই ও বোনেরা! এক জন সত্যিকার মুসলিম যার অন্তরে মহান আল্লাহর জন্য সামান্যতম ভালোবাসা বিদ্যমান আছে- যখন শোনে যে অমুসলিমরা ইসলামকে পরিবর্তন করে বিকৃত করে ফেলতে চায় তখন তার তো প্রচন্ড রাগে ও ক্ষোভে ফেটে পড়া উচিত। কতো বড়ো দুঃসাহস তোমাদের! তোমাদেরকে এই অধিকার কে দিয়েছে যে তোমরা ইসলামের সংজ্ঞা দেয়ার দুঃসাহস দেখাচ্ছো?

কি হাস্যকর ব্যপার! প্রেসিডেন্ট বুশ মাইক্রো ফোনের সামনে দাড়িয়ে আমাদেরকে শেখানোর জন্য ইসলামের উপর খুৎবা দিচ্ছে! ২০০২ সনে এক অনুষ্ঠানে **'খুৎবা'** দেয়ার সময় সে বলেছে **"ইসলাম এমন এক ধর্ম যা বিশ্বের কোটি কোটি মানুষের মনে প্রশান্তির পরশ বুলিয়ে দেয় এবং সকল ধর্মের মানুষের মধ্যে ভ্রাতৃত্ব বন্ধন সৃষ্টি করেছে । এটা ভালোবাসা র ধর্ম, ঘৃণার ধর্ম নয়।"**

হ্যা, তার কথা সত্য, আমরা অবশ্যই স্বীকার করছি যে ইসলাম লক্ষ লক্ষ মানুষের মনে প্রশান্তি এনেছে, ইসলাম বিভিন্ন জাতি গোষ্ঠির মানুষের মধ্যে এমন ভ্রাতৃত্ব বন্ধন সৃষ্টি করেছে যা ঘৃণার উপর নয় বরং ভালোবাসার উপর প্রতিষ্ঠিত... ইত্যাদি...

আমরা মেনে নিচ্ছি যে একটা পর্যায় পর্যন্ত তার কথা ঠিক আছে। কিন্তু প্রশ্ন হলো ইসলাম কী এবং কী নয় তা বলার বুশ কে? কে তাকে দায়িত্ব দিয়েছে ইসলাম সম্পর্কে **'খুৎবা'** দেয়ার!

সকল প্রশংসা আল্লাহর জন্য নিবেদিত, তিনি আমাদেরকে হেফাযত করুন! আমরা দেখতে পেয়েছি কিছু (বেকুব) মুসলিমরা ইসলাম সম্পর্কে বুশের মন্তব্য শুনে আনন্দে আত্নহারা হয়ে গিয়েছিলো! কিন্তু আমাদেরকে মনে রাখতে হবে তাদের এই আচরণ কেবল তাদের ঔদ্ধত্ব ও অহংকারই প্রকাশ করে এবং অধঃস্তন লোকদের প্রতি মানুষ অনেক সময় যেমন করুণার পাত্র সুলভ আচরণ করে এই কাফিররা মুসলমানদের প্রতি তেমন মনোভাবই পোষণ করে। যেন তারা মনে করছে যে মুসলমানদের মধ্যে এমন লোকদের মারাত্নক শুন্যতা দেখা দিয়েছে যারা তাদেরকে বলে দিবে যে ইসলাম কী এবং কী নয়।

তবে আশার কথা হলো তাদের এই মানষিকতা অনেকের কাছেই ধরা পড়ে গেছে। এমনকি তাদেরই মতো অমুসলিম সমালোচকদেরও বিষয়টি দৃষ্টি আকর্ষণ করেছে। যেমন তাদেরই এক সমালোচক ব্যঙ্গাত্নকভাবে বলে ফেলেছে যে,

"আজকাল রাজনৈতিক নেতাদে র কথাবা র্তা শুনে মনে হচ্ছে যে তারা যেন ইসলা মিক স্টাডিজে সদ্য স্নাতোকত্তর ডিগ্রি লাভ করেছেন যা তাদেরকে উদ্বুদ্ধ করছে ইসলামে র আসল চরিত্র বৈশিষ্টে র উপর জনগনকে বক্তৃতা দিয়ে শোনাতে"

র‍্যান্ড প্রকাশিত অন্য একটি রিপোর্ট থেকে উদ্বৃতি দেয়ার পূর্বে আমি আপনাদের কাছে এই সংস্থাটির সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরার প্রয়োজন বোধ করছি।

'র‍্যান্ড' হলো একটি অলাভজনক গবেষণাধর্মী প্রতিষ্ঠান যার রয়েছে **১৬** শত কর্মকর্তা কর্মচারীর এক বিশাল কর্মী বাহিনী। এই সংস্থাটি ইউ এস এর প্রতিরক্ষা মন্ত্রণালয়কে বিভিন্ন বিষয়ের উপর গবেষণাধর্মী রিপোর্ট সরবরাহ করে থাকে। সুতরাং এটা স্পষ্ট যে পেন্টাগনের সাথে এর গভীর প্রভাব বিস্তারকারী সম্পর্ক রয়েছে। আলোচ্য মনস্তাত্ত্বিক যুদ্ধের সাথে এই সংস্থাটির গভীর সম্পর্ক রয়েছে এবং তারা এই বিষয়ের উপর একাধিক নিবন্ধও প্রকাশ করেছে। আজকের এই আলোচনায় আমি তাদের প্রকাশিত নিবন্ধ থেকে বিভিন্ন উদ্ধৃতি পেশ করবো।

'র‍্যান্ড' প্রকাশিত যে রিপোর্টটির উপর আমি আজ সবচেয়ে বেশী আলোচনা করবো তার শিরোনাম নাম হলো **'সিভিল ডেমোক্রেটিক ইসলাম (!)'**। আপনাদের সদয় অবগতির জন্য এই রিপোর্টটি প্রস্তুতকারিনীর সংক্ষিপ্ত পরিচয় আমি আপনাদের সামনে তুলে ধরছি।

এই প্রতিবেদিকার নাম হলো **শ্যরল বেনার্ড**, যে নিজে হলো একজন ইহুদী এবং সে বিয়ে করেছে একজন ইসলামধর্ম ত্যাগকারী মুর্তাদকে যার নাম হলো **জালমে খলীলজাদ**; এই ব্যক্তি যুক্তরাষ্ট্র সরকারের একজন উচ্চ পদস' কর্মকর্তা। সে এক সময় জাতিসংঘে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের দায়িত্ব পালন করেছে, এরপর আফগানিস্তান ও ইরাকেও রাষ্ট্রদুত হিসেবে দায়িত্ব পালন করেছে। এই মুর্তাদ যুক্তরাষ্ট্র সরকারের এতোই আস্থাভাজন ব্যক্তি যে তাকে সাধারণতঃ বিভিন্ন স্পর্শকাতর পদে নিয়োগ দেয়া হয়।

এই শ্যরল বেনার্ড র‍্যান্ডের মাধ্যমে তার রচিত যে রিপোর্টটি প্রকাশ করেছে তার শিরোণাম হলো **'সিভিল ডেমোক্রেটিক ইসলাম**'। রিপোর্টের শিরোণামই আপনাকে বলে দিবে তারা কেমন ইসলাম চায়, কেমন **'ইসলাম**' তারা আমাদের উপর চাপাতে চায়। আর তারা নিছক প্রতিবেদন প্রকাশ করেই ক্ষান্ত নয়; বরং তাদের ল্যাবরেটরীতে প্রস্তুতকৃত ইসলামকে আমাদের উপর চাপানোর জন্য তারা আমাদের বিরুদ্ধে সামরিক বাহিনী পাঠাচ্ছে, আমাদেরকে তারা বাধ্য করছে তাদের বানানো ইসলামকে মানতে। আমরা যদি মুসলিম হয়ে থাকি তাহলে আমাদের প্রত্যেকের উচিত এই ঔদ্ধত্যকে দমন করার জন্য ঐক্যবদ্ধ হয়ে কাজ করা।

সত্যিকার ইসলামকে দুনিয়া থেকে মুছে দেয়া ও তাদের প্রস্তুতকৃত মডারেট ইসলামের প্রচার প্রসারের জন্য আমেরিকার সরকারের কাছে তার দেয়া প্রস্তাবনাসমূহের কিছু আমি আপনাদের সামনে তুলে ধরছি।

তার প্রথম প্রস্তাবনা হলোঃ মডারেট মুসলিমদের লেখা বই পুস্তক, প্রবন্দ্ব ইত্যাদি ভর্তুকী দিয়ে প্রকাশ করা।

তাদের প্রস্তাবনা সম্পর্কে আলোচনার পূর্বে আমাদের জানা দরকার তাদের সংজ্ঞা অনুযায়ী কে মডারেট মুসলিম। কে মডারেট মুসলিম আর কে মডারেট নয় তা নির্ধারণের জন্য তারা কিছু সুনির্দিষ্ট মানদন্ড নির্ধারণ করে দিয়েছে। যেমনঃ

ক. গণতন্ত্রমনা হতে হবেঃ

মডারেট মুসলিম হওয়ার প্রথম শর্ত হলো আপনাকে গণতন্ত্র এবং গণতান্ত্রিক রীতি-নীতি, পথ ও পদ্ধতির প্রতি বিশ্বাসী হতে হবে।

আমাদের সমাজে আমরা এমন কিছু মুসলিম দাবীদারদের দেখা পাই যারা গণতান্ত্রিক আদর্শে বিশ্বাসী এবং এদের ধুর্ত পণ্ডিতরা বলে বেড়ায় যে **"ইসলামের শুরা আর পাশ্চাত্যের গণতন্ত্র তো একই রকম; বাস্তবে যদিও আমরা শুরায় বিশ্বাস করি কিন্তু আমরা যদি গণতন্ত্র শব্দটা ব্যবহার করি তাহলে তা পশ্চিমাদের কাছে অনেক বেশী গ্রহণযো গ্য হবে, কারণ তারা তো শুরা শব্দটা র সাথে পরিচিত নয়"** ইত্যাদি অনেক রকম কথা এক শ্রেণীর আপষকামী মুসলিমরা বলে থাকে। তারা আরো মনে করে যে তারা যদি নিজেদেরেকে গণতন্ত্রমনা হিসেবে পাশ্চাত্যের কাছে প্রমান করতে পারে তাহলে তাদের মুসলিম দেশের স্বৈরাচার শাসকদের উৎখাতের সংগ্রামে তারা সহজেই পশ্চিমাদের সাহায্য লাভ করতে পারবে। কিন্তু আমরা যারা

আল্লাহর নবী মুহাম্মাদ *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* এর আনীত দ্বীনকে অনুসরণ করতে চাই তাদেরকে মনে রাখতে হবে যে। এই ধরণের আপষকামী অবস্থান গ্রহন করা আর দ্বীন ত্যাগ করা কই কথা। কারণ,

প্রথমতঃ গণতন্ত্র পুরোটাই ইসলামের সাথে সাংঘর্ষিক, গণতন্ত্র এমন একটা জীবন ব্যবস্থা যার সাথে ইসলামের কোনোই সম্পর্ক নেই, ইসলাম সম্পূর্ণ একটা ভিন্ন জীবন ব্যবস্থা। আমি এদেরকে বলবো, আপনারা যদি সত্যিই ইসলামী রাষ্ট্র এবং এর শুরা ব্যবস্থার প্রতি আস্থা রাখেন তাহলে শুরাকে শুরাই বলুন, গণতন্ত্র বলবেন না।

দ্বিতীয়তঃ আপনার এই চালাকী তাদের সাথে চলবে না, কারণ তারা আপনার মতো বোকা নয়; তারা কোন ধরণের গণতন্ত্র মডারেট মুসলিমদের থেকে চায় তা বিস্তারিত ভাবেই বলে দিয়েছে। তারা কোন গণতন্ত্র চায় তা বুঝাতে তারা বলেছে,

"A commitment to democracy as understood in the liberal western tradition"

অর্থাৎ "**গনতন্ত্র মনা বলতে সেই গণতন্ত্রের প্রতি আস্থাশীল হতে হবে উদারনৈতিক পশ্চিমা ঐতিহ্যে গণতন্ত্র বলতে যা বুঝায়।**"

অতএব আপনি ইসলামিক ধাচের যে গণতন্ত্রের কথা বলছেন তা দিয়ে আপনি তাদের কাছে কখনো গ্রহণযোগ্য মডারেট হতে পারবেন না। তারা আপনার কাছ থেকে তথকথিত সম্পূর্ণ উদারনৈতিক পশ্চিমা ধাঁচের গণতন্ত্র ছাড়া অন্য কিছু গ্রহণ করবে না। এখানেই শেষ নয় তারা আরো অগ্রসর হয়ে বলে দিয়েছে যে,

"Support for democracy implies opposition to the concept of the Islamic state"

অর্থাৎ "**গণতন্ত্রের সমর্থক বলতে ইসলামী রাষ্ট্র ধারণার বিরোধী হতে হবে।**"

অতএব একজন মডারেট মুসলিম হলো এমন গণতন্ত্রে বিশ্বাসী যা ইসলামী রাষ্ট্রব্যবস্থার বিরোধী। এরপর তারা বলছে,

"It follows from the above that for a group to declare itself democratic, in the sense of favoring elections as the vehicle for establishing government as in the case of the present Egyptian Muslim brotherhood is not enough."

অর্থাৎ "**কোনো দল নিজেদেরকে গণতান্ত্রি ক দল দাবী করার অধিকার রাখবে না যদি গণতন্ত্রকে তারা নিছক ক্ষমতায় আরোহন ও সরকার গঠনের মাধ্যম মনে করে । যেমন মিশরের বর্তমান ইখওয়ানুল মুসলিমী ন।**"

খ. মডারেট মুসলিমদের দ্বিতীয় বৈশিষ্ট হলোঃ "Acceptance of non-sectarian sources of law" অর্থাৎ "অসামপ্রদায়ি ক (ধর্মনিরপেক্ষ) আইন গ্রহন করা।"

অর্থাত আপনি মডারেট মুসলিম হতে চাইলে আপনাকে আল্লাহর আইন বাদ দিয়ে স্বেচ্ছায় মানবরচিত আইন মেনে নিতে হবে। কারণ তাদের দৃষ্টিতে মডারেট মুসলিম আর চরমপন্থি মৌলবাদী মুসলিমদের মধ্যে

অন্যতম একটি পার্থক্য হলো এরা ইসলামী শরীয়া প্রয়োগ করতে চায় আর মডারেটরা শরীয়া চায় না। তারা স্পষ্ট বলে দিয়েছে যে-

“The dividing line between moderate Muslims and radical Islamist is whether Sharia should apply”

অর্থাৎ “**চরমপন্থি তথা সত্যিকার মুসলিম ও মডারেট র‍্যান্ড মুসলিমদের মধ্যে আসল পার্থক্য হলো শরীয়া আইন চাওয়া ও না চাওয়া।**”

অতএব তাদের বক্তব্য অনুযায়ী যে মুসলিম আল্লাহর শরীয়া চায় সে হলো চরমপন্থি, আর মডারেট মুসলিম হলো তারা যারা আল্লাহর আইন বাদ দিয়ে ফ্রেঞ্চ আইন, বৃটিশ আইন, আমেরিকান আইন ও কুফফারদের রচিত বিভিন্ন আন্তর্জাতিক আইন সানন্দে মেনে নিবে।

গ. মডারেট মুসলিমদের তৃতীয় বৈশিষ্ট হলোঃ “Respect for the rights of women and religious minorities” অর্থাৎ “নারী ও ধর্মীয় সংখ্যালঘু দের অধীকারে র প্রতি সম্মান প্রদর্শন।”

হ্যা, আমরাও নারী অধীকার ও ধর্মীয় সংখ্যালঘুদের স্বাধীনতায় বিশ্বাস করি; তবে তা তাদের দেয়া সংজ্ঞা ও মানদন্ড অনুযায়ী নয়। কারণ, তাদের মতে ইসলামী রাষ্ট্র যদি হিজাব বাধ্যতামুলক করে তাহলে তা চরমপন্থা, ইহুদী খৃষ্টানদের উপর যদি জিযিয়া কর আরোপ করা হয় তাহলে তাদের কাছে তা মানবাধিকার লংঘন।

ঘ. মডারেট মুসলিমদের ৪র্থ বৈশিষ্ট হলোঃ “Opposition to terrorism and illegitimate violence” অর্থাৎ “সন্ত্রাসবাদ ও অবৈধ সহিং সতার বিরোধী হতে হবে।”

তাদের এই কথার অর্থ হলো, যে মুসলিম তার নিজ দেশ দখলদারদের হাত থেকে রক্ষার জন্য যুদ্ধ করবে, দখলদারদেরকে প্রত্যাখ্যান করবে সে হলো চরমপন্থি। আর মডারেট মুসলিম হলো সে যে আমেরিকান সৈন্যদেরকে তার নিজ দেশে আগ্রাসন চালানোর জন্য আহবান জানাবে, যার নিজের মান মর্যাদা ও আত্মসম্মানবোধ বলতে কিছুই নেই। মডারেট মুলিম হওয়ার জন্য তাদের দেয়া শর্তগুলো পর্যালোচনা করলে আমরা দেখতে পাই যে, মডারেট মুসলিম হলো একজন পরিপূর্ণ ধর্মত্যাগী মুর্তাদ ও কাফির। তারা যে চারটি শর্ত দিয়েছে এর প্রত্যেকটি এমন এক একটা কুফরী মতাদর্শ যা গ্রহণ করলে একজন মুসলিম নিশ্চিতভাবে ইসলাম থেকে খারিজ হয়ে যায়। তাই এখন থেকে আমি আর তাদেরকে মডারেট মুসলিম বলে সম্মোধন করবো না; বরং তাদেরকে বলবো ‘**র‍্যান্ড মুসলিম**’ এটাই তাদের জন্য অধিক উপযুক্ত উপাধী।

এখানেই শেষ নয় এরপর তাদের একটা প্রশ্নপত্র আছে, যেটা তারা একজন মুসলিমের হাতে ধরিয়ে দিয়ে বলবে এগুলোর উত্তর দিন। এরপর তারা তার উত্তরের উপর ভিত্তি করে বলবে, সে কি মডারেট মুসলিম না চরমপন্থি মুসলিম। আপনি সহজেই বুঝতে পারবেন তারা কেমন অহংকার ও ঔদ্ধত্য প্রদর্শন করছে এবং মুসলিমদের সাথে তারা কেমন অধঃস্তনদের মতো করুণা সুলভ আচরণ করছে। তারা আমাদের আক্বীদা বিশ্বাস পরীক্ষা করছে এবং তারা আমাদেরকে মার্ক দিচ্ছে।

র‌্যান্ডের প্রশ্নপত্র হচ্ছেঃ

১. এই ব্যক্তি বা দল কি সহিংসতা (অর্থাত জিহাদকে) সমর্থন বা ক্ষমাসু ন্দর দৃষ্টিতে দেখে ? এখন সমর্থন না করলেও অতিতে কি কখনো সমর্থন করেছে বা জিহাদকে কখনো কি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখেছে ?

অতএব এখন আপনি যতোই জিহাদের বিরুদ্ধে কথা বলেন না কেন আপনি কিংবা আপনার পূর্ব পুরুষদের কারো যদি জিহাদের ইতিহাস থাকে তবুও তারা আপনাকে ছাড়বে না।

২. তারা কি গণতন্ত্রকে সমর্থন করে ? করলে কি পশ্চিমা উদার গনতান্ত্রিক মানদন্ডে নির্ধারিত ব্যক্তি অধিকারকে সমর্থন করে ?

৩. এরা কি (কুফফারদের রচিত) আন্তর্জাতিক ভাবে স্বীকৃত মানবাধিকারকে সমর্থন করে ?

৪. এসব ক্ষেত্রে এরা কি কোনো ব্যতিক্রম করতে চায় ? যেমন ধর্মীয় স্বাধীনতার ক্ষেত্রে ?

অতএব আপনি যদি রিদ্দার আইন (মুরতাদকে মৃত্যু দন্ড) প্রয়োগ করতে চান তাহলে তাদের কাছে তা হবে চরমপন্থা।

৫. এরা কি বিশ্বাস করে যে ধর্ম পরিবর্তন করা ব্যক্তিগত অধিকার?

অতএব একজন মুসলিম যদি ইসলাম ত্যাগ করে ইহুদী হয়ে যেতে চায়, খৃস্টান হয়ে যেতে চায়, কোনো মুসলিম যদি চায় সে বানর কিংবা গরুর পুজা করবে তাকে তা করার অধিকার দিতে হবে। যে মুসলিম ব্যক্তিকে সত্য পথের দিশা দিয়ে মুসলিম হবার সৌভাগ্য দান করে সম্মানিত করা হয়েছে, যে একবার মহান আল্লাহ তায়ালার পরিচয় লাভ করেছে, মুহাম্মাদ *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* এর আনীত দ্বীনের অনুসরণ করেছে, যার উপর আল্লাহ রহমত বর্ষণ করেছেন সেই যদি আবার নিকৃষ্ট স্তরে নেমে গিয়ে গরুর পূজা করতে চায় তাহলে তাকে নাকি অবশ্যই সেই অধিকার দিতে হবে।

৬. এরা কি বিশ্বাস করে যে শরীয়া নির্ধারিত ফৌজদারী দণ্ডবিধি বাস্তবায়ন করা উচিত ?

অতএব আর কোনো ইসলামী হুদুদ কিসাস থাকতে পারবে না।

৭. এরা কি বিশ্বাস করে যে রাষ্ট্রের উচিত শরীয়া নির্ধারিত দেওয়ানী আইন বাস্তবায়ন করা ?

একথার অর্থ দাড়ায় বিয়ে-শাদী, উত্তরাধীকার ইত্যাদী একান্ত পারিবারিক বিষয়েও তারা ইসলামী আইন সহ্য করবে না।

৮. তারা কি মনে করে যে তাদের রাষ্ট্রে শরীয়া বহির্ভূত পছন্দ মাফিক অন্য কোনো আইনে বিচার প্রার্থনা করার সুযোগ থাকা উচিত ?

সুবহান আল্লাহ, কি আশ্চর্যের ব্যপার! আমরা এখানে কিসের আলোচনা করছি? এটা টি কোনো আলু পেয়াঁজ বিক্রির কাচা বাজার? যে এখানে এটা ওটা বাছাই করার সুযোগ থাকবে! পৃথিবীর কোনো দেশই তো আইনের ব্যপারে মানুষকে বাছাই করার সুযোগ দেয় না। প্রতিটি দেশ যেখানে সকল বিষয়ে নিজ

দেশের একই আইনের অনুসরণ করে সেখানে তারা চায় আমরা যেন বিভিন্ন অপশন রাখি। এক জন লোক কোর্টে আসলে তাকে জিজ্ঞাসা করা হবে, দয়া করে বলুন আপনি কোন আইন অনুযায়ী বিচার প্রার্থনা করছেন!!! অথচ আল্লাহ তায়ালা বলছেন

فَلاَ وَرَبِّكَ لاَ يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لاَ يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

না, তোমার রবের কসম ! তারা কিছুতে ই ঈমান দার হতে পারে না, যতোক্ষ ন না তাদের পারস্পরিক যাবতীয় বিবদমান বিষয়ে তারা তোমাকে (অর্থাৎ তোমার আনী ত শরীয়া ব্যবস্থাকে) বিচারক না মানবে এবং তুমি যে ফয়সালা করবে সে ব্যাপারে তারা তাদের অন্তরে কোনো দ্বিধা সংশয় বোধ করবে না এবং তারা সর্বত ভাবে (শরয়ী বিধানকে) মেনে নেবে । (সূরা আন নিসা ৬৫)

আমাদেরকে কোনো রকম দিধা দন্দ্ব ছাড়া নিশ্চিতভাবে বিশ্বাস করতে হবে যে, কোনো মুসলিম দাবীদার ততোক্ষন পর্যন্ত কিছুতেই মুসলিম নয় যতোক্ষন না সে আল্লাহর দেয়া ছোটো বড় সকল আইনকে সম্পূর্ণ সন্তুষ্ট চিত্তে সানন্দে মেনে নিবে। কোনো মুসলিম দাবীদার মুসলিম নয় যদি সে আল্লাহর রসূলের সুন্নাহকে সন্তুষ্টচিত্তে মেনে না নেয়।

৯. তারা কি বিশ্বাস করে যে ধর্মীয় সংখ্যালঘুদের অধিকারও একজন মুসলিম নাগরিকের সমান ? তারা কি বিশ্বাস করে যে সংখ্যালঘু সমপ্রদায়ের লোকেরাও মুসলিম দেশে মুসলিম নাগরিকদের মতো সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পেতে পারে ?

তাদের এই প্রশ্নের উত্তরে আমরা সুস্পষ্ট ভাবে বলে দিতে চাই যে, না, বিধর্মীরা মুসলিম দেশে সরকারের কোনো গুরুত্বপূর্ণ পদে নিয়োগ পেতে পারে না। কারণ আল্লাহ তায়ালা বলেছেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لاَ تَتَّخِذُوا بِطَانَةً مِنْ دُونِكُمْ لاَ يَأْلُونَكُمْ خَبَالاً وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتْ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمْ الآيَاتِ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ

হে ঈমানদারগ ন, তোমরা তোমাদের নিজেদে র (ঈমানদার ব্যক্তি) ব্যতি ত অন্য (বিধর্মী) কাউকে অন্তরঙ্গ রূপে গ্রহণ করো না, তারা তোমাদের অমঙ্গল সাধনে কোন ত্রুটি করে না - তোমরা কষ্টে থাক, তাতেই তাদের আনন্দ । শত্রুতা প্রসুত বিদ্বেষ তাদে র মুখেই ফুটে বেরোয় । আর যা কিছু তাদের মনে লুকিয়ে রয়েছে , তা আরো অনেকগু ণ বেশী জঘন্য। তোমাদে র জন্যে নিদর্শন বিশদ ভাবে বর্ণনা করে দেয়া হলো , যদি তোমরা তা অনুধা বন করতে সমর্থ হও। (সূরা আলে ইমরানঃ **১১৮**)

আল্লাহর কোরআনের এই আয়াত আমাদেরকে অনুমতি দেয় না কোনো পৌত্তলিক, ইহুদী, খৃষ্টান বা ইসলাম ছাড়া অন্য কোনো ধর্মাবলম্বিকে '**বিতানা** ' তথা উপদেষ্টা বা উচ্চপদস্থ কোনো পদে নিয়োগ দিতে।

প্রশ্নপত্রে তারা আরো জানতে চায় যে, "Does it believe that members of religious minorities are entitled to build and run institutions of their faith in Muslim majority countries?"

অর্থাৎ "**তারা কি বিশ্বাস করে ধর্মীয় সংখ্যাল ঘু সমপ্রদায়ে র লোকেরা মুসলিম দের শাসি ত দেশে তাদে র ধর্মের প্রচার প্রসারের জন্য কোনো প্রতিষ্ঠা ন প্রতিষ্ঠা করতে পারবে ?**"

আপনাদের সদয় অবগতির জন্য বলছি, এক্ষেত্রে ইসলামী আইন হলো, তারা তাদের পূর্ব থেকে প্রতিষ্ঠিত সিনাগগ ও চার্চসমুহ রাখতে পারবে, কিন্তু নতুন করে আর কোনো চার্চ বা সিনাগগ প্রতিষ্ঠা করতে পারবে না। যিম্মীদের ক্ষেত্রে এটাই ইসলামী আইন।

এরপর তারা জানতে চায়- "Does it accept any legal system based on non-sectarian legal principles?"

অর্থাৎ **"এই ইসলামী রাষ্ট্র কি অসামপ্রদায়িক মুল্যবোধের উপর প্রতিষ্ঠিত কোনো আইনী ব্যবস্থাকে গ্রহণ করে?"**

ইসলাম সম্পর্কে যার সামান্যতম জ্ঞান আছে তার বুঝতে মোটেই অসুবিধে হওয়ার কথা নয় যে মডারেট মুসলিম হওয়ার জন্য তাদের প্রস্তাবণাসমূহ পুরোটাই সুস্পষ্ট ও প্রকাশ্য কুফরী। যদি কোনো ব্যক্তি তাদের এসব প্রস্তাবনার কোনো একটির প্রতিও সম্মতি প্রকাশ করে তাহলে সে নির্ঘাত মুর্তাদ কাফিরে পরিণত হবে।

এবার আমরা আবার ফিরে যাই মডারেট ইসলাম বা র‍্যান্ড ইসলামের প্রচার প্রসারে শ্যারল বেনার্ড এর প্রস্তাবনাসমুহের প্রতি। তাদের প্রথম প্রস্তাবনা ছিলো র্যান্ড মুসলিমদের লেখা বই পুস্তক, প্রবন্দ্ব ইত্যাদি ভর্তুকী দিয়ে প্রকাশ করা। এর উদ্দেশ্য হলো মিথ্যাচারের প্রসার ঘটানো।

তার দ্বিতীয় প্রস্তাবনা হলোঃ র‍্যান্ড মুসলিমদেরকে উদ্বুদ্ধ করা সাধারণ জনগণের জন্য বিশেষভাবে যুবক শ্রেণীর জন্য ব্যাপক বই পুস্তক লিখতে।

কারণ তারা জানে যে, সঠিকভাবে উপস্থাপন করা হলে সাধারণ মুসলিম জনগন সত্যকে উপলব্ধি করার ক্ষমতা রাখে এবং তারা এও জানে যে কারা সত্যিকার অর্থে তাদের কল্যাণের জন্য কথা বলে এবং কারা বলে না।

তারা এটাও ভালো করে জানে যে আসল বিপদটা সকল যুগে মুলতঃ যুবকদের দিক থেকেই আসে। যুবকরাই হলো সেই শ্রেণী যারা সত্যের পক্ষে প্রবলভাবে দাড়িয়ে যায়। ইবরাহিম *(আলাইহিস সালাম)* যখন মুর্তি ভেঙেছিলেন তখন তিনি ছিলেন এক টগবগে যুবক। সূরা আল কাহফে উল্লেখিত ঘটনা থেকেও আমরা জানতে পারি যে, যারা মিথ্যা থেকে বেচে সত্যের উপর টিকে থাকার জন্য পাহাড়ের গুহায় আশ্রয় নিয়েছিলেন তারা সবাই ছিলেন যুবক। আমাদের প্রিয় নবীজীর *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* সিরাত থেকেও আমরা জানতে পারি যে যারা তার প্রতি ঈমান আনার ক্ষেত্রে অগ্রণী ছিলেন তারা সবাই ছিলেন যুবক। আর একারণে শ্যরল বেনার্ড এর প্রথম পদক্ষেপই হলো মুসলিম যুব সমাজকে পথভ্রষ্ট করা।

তার তৃতীয় প্রস্তাবনা হলোঃ র‍্যান্ড মুসলিমদের মতাদর্শ সমূহকে ইসলামী শিক্ষার সিলেবাসে অন্তর্ভূক্ত করা।

এই হীন উদ্দেশ্য বাস-বায়নের জন্য তারা ইতিমধ্যে বেশ কিছু কার্যকরী পদক্ষেপও নিয়ে ফেলেছে। অনেক মুসলিম দেশের স্কুল মাদ্রাসার অনেক শিক্ষা সিলেবাস তারা চক্রান্ত করে ধ্বংস করে ফেলেছে। ইসলামী বই পুস্তকের যেসব অধ্যায়ে, জিহাদ, হুদুদ কিসাস ও আল্লাহর আইনের শাসন প্রসংগে আলোচনা করা হয়েছে সেসব অধ্যায়কে তারা হয়তো একেবারে মুছেই দিয়েছে, অথবা এসব মৌলিক বিষয়সমূহকে এমনভাবে বিকৃত করেছে যে ছাত্র ছাত্রিরা কিছুতেই যেন এসব বিধানের কল্যানকারীতা ও প্রয়োজনীয়তা উপলব্ধি না করতে পারে।

তাদের চতুর্থ প্রস্তাবনা হলোঃ সংশ্লিষ্ট দেশের শিক্ষা সিলেবাস ও প্রচার মাধ্যমে তাদের ইসলাম-পূর্ব জাহিলী সভ্যতা সাংস্কৃতির প্রচার প্রসারের মাধ্যমে এর চর্চাকে উৎসাহিত করা।

উদাহরণ স্বরূপ, তারা চায় মানুষের মন মগযে ফেরাউনী সভ্যতার পুনর্জাগরণ। তারা চায় আমরা যেন ফেরাউনী সভ্যতাকে ইতবাচক দৃষ্টিভংগি নিয়ে মানুষের সামনে তুলে ধরি, আমরা যেন তাদের উন্নতি অগ্রগতি, তাদের অর্জন ও তাদের সভ্যতা সাংস্কৃতি নিয়ে বেশী বেশী কথা বলি। আমরা যেন ইসলামী সভ্যতার আলোকিত দিক, নৈতিক ও আদর্শিক উন্নতি অগ্রগতি নিয়ে কোনো কথা বার্তা না বলি। আঞ্চলিক বিষয়াদির আলোচনা হলেও তা যেন হয় ইসলাম পূর্ব সামাজিক সাংস্কৃতির। তারা চায় আমরা যেন কথা বলি ইসলামপূর্ব আরব্য জাতীয়তাবাদের, কথা বলি ইসলামপূর্ব বর্বর নর্থ আফ্রিকানদের বর্বর কাহিনী নিয়ে, কথা বলি শামের (সিরিয়ার) রোমান ও গ্রিক সভ্যতার ইতিহাস নিয়ে। একারণেই আমরা দেখতে পাই যে প্রত্নতত্ববিদরা প্রায়ই মধ্যপ্রাচ্যের ইসলামপূর্ব বিভিন্ন বিষয় নিয়ে প্রচার মাধ্যমে হুলস্থুল ফেলে দেয়। তারা ফেরাউনের সময়কার মেসোপটেমিয়া ও মিশরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার ঝড় তুলে দেয়।

এসব ব্যাপারে আমাদের অবশ্যই সতর্ক থাকা দরকার। তাছাড়া আমাদের মনে আমাদের ইসলামপূর্ব কোনো ইতিহাস নিয়ে সামান্যতম্য কোনো গর্ব অহংকার থাকা উচিত নয়। কারণ, এটা নির্ভেজাল জাহিলিয়াত, এসব ইতিহাসকে এমনকি কোনো সভ্যতাই বলা উচিত নয়, কারণ আসলেই এটা কোনো সভ্যতা নয়। এটা তো জাহান্নামের পথ, এটা তো সম্পূর্ণ অন্ধকারের আবরণে অন্ধকারাচ্ছন্ন এক যুগ। আর ফেরাউন তো আগা-গোড়া এক সাক্ষাত শয়তানের নাম, তাকে আমাদের কখনোই ইতিবাচকভাবে উপস্থাপন করা উচিত নয়।

বিষয়টি আরো ভালোভাবে বোঝার জন্য আমরা এ বিষয়ে আমাদের প্রিয় নবী মুহাম্মাদ *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* এর নির্দেশনা জেনে নিতে পারি। একবার মুহাম্মাদ *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* তার সৈন্যবাহিনী নিয়ে অতিতে ধ্বংসপ্রাপ্ত সামুদ জাতির বসতি অঞ্চলের কাছ দিয়ে অতিক্রম করছিলেন। অনুসন্ধিৎসু মানসিকতার কারণে সাহাবায়ে কেরামদের *(রাদি আল্লাহু আনহুম আজমাইন)* কয়েকজন আল্লাহর নবী *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* এর কাছে অনুমতি চেয়েছিলেন একটু ভিতরে গিয়ে দেখে আসার। কিন্তু নবীজী *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* তাদেরকে সে অনুমতি প্রদান করেননি। কারণ তারা যদি

সেখানে এমন কিছু দেখে যা তাদের মনকে তাদের প্রতি আকৃষ্ট করে তাহলে তা তাদের জন্য মোটেই কল্যাণকর হবে না। তাই তিনি তাদেরকে বলেন,

لا تدخلوا مساكن الذين ظلموا أنفسهم إلا أن تكونوا باكين

"তোমরা যখন (ধ্বংসপ্রাপ্ত) জালিমদের আবাসস্থল দিয়ে অতিক্রম করবে তখন কাঁদতে কাঁদতে অতিক্রম করবে।" (সাহীহ মুসলিম এর কিতাবুয যুহুদ ওয়ার রাকাইকে সংকলিত)

আল্লাহর রসূল *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* এর একথা থেকে আমাদের গুরুত্বপূর্ণ শিক্ষা গ্রহণ করা উচিত। এরপর আমরা দেখতে পাই যে সাহাবায়ে কেরামগন *(রাদি আল্লাহু আনহুম আজমাইন)* যখন ধ্বংসপ্রাপ্ত সামুদ বসতির কোনো একটি কুপ থেকে পানি নিয়ে রুটির খামির তৈরী করেছিলেন তখন আল্লাহর রসূল *(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)* তা জানতে পেরে সেই রুটিও তাদেরকে খেতে দেননি, সেই রুটি পশুদেরকে খাওয়াতে বলেছেন এবং সাহাবায়ে কেরামদেরকে *(রাদি আল্লাহু আনহুম)* সেই বসতির কুপ থেকে পানিও পান করতে দেননি। এটা করার কারণ ছিলো সেই ধ্বংসপ্রাপ্ত কুফফার সমপ্রদায় ও আমাদের মধ্যে একটি পার্থক্য দেয়াল তৈরী করে রাখার জন্য।

তার পঞ্চম প্রস্তাবনা হলোঃ মুসলিম জনগণের মধ্যে সুফীবাদকে জনপ্রিয় ও গ্রহনযেগ্য করে তোলা

সে সুফীবাদের বিস্তার চায় নিজে সুফীবাদ বা তাসাউফের ভক্ত হওয়ার কারণে নয়; বরং সে এর বিস্তার চায় একারণে যে, সুফীবাদ জিহাদ ফী সাবিলল্লাহর বিরুদ্ধে কথা বলে। সুফীবাদের মধ্যে মুসলিমদেরকে যতো বেশী সম্পৃক্ত করা যাবে ততো বেশী তাদেরকে বেহুদা বেদয়া'তী যিকির আযকার, অনর্থক বিদয়া'তী অনুষ্ঠানাদি ইত্যাদী বিষয়ের মধ্যে ব্যস্ত রাখা যাবে এবং তাদেরকে দিয়ে জিহাদ ফী সাবিলিল্লাহর বিরুদ্ধে কথা বলানো যাবে। তারা যদি তাসাউফের ভক্তই হবে তাহলে তারা কি নর্থ আফ্রিকার সুফী ওমর মুখতারের তাসাউফকে বা এই উপ মহাদেশের অন্যান্য জিহাদপন্থি সত্যাশ্রয়ী সুফীবাদী আন্দোলনের প্রচার প্রসার কামনা করবে?

এরপর এই মহিলা ফান্ডামেন্টালিস্টদেরকে দমন ও প্রতিহত করা এবং সাধারণ জনগণকে ভীত সন্ত্রস্ত করার জন্য আরো কিছু প্রস্তাবনা দিয়েছে। যেমনঃ

ক. বেআইনী অবৈধ দলসমূহ ও তাদের কর্মকাণ্ডের সাথে তাদের সম্পর্ক প্রকাশ করা।

খ. তাদের সহিংস (জিহাদী) কর্মকাণ্ডের পরিণামগুলো জনসমক্ষে তুলে ধরা।

এখানে আমাদের মনে রাখা দরকার, যুদ্ধ এমনই একটা বিষয় যেখানে মানুষ মারে ও মরে, নিধন করে ও নিহত করে। অনেক সময় অনিচ্ছা সত্তেও যুদ্ধে সাধারণ মানুষ মারা যায়। এটাই যুদ্ধের স্বাভাবিক বৈশিষ্ট, এতে আশ্চর্য হওয়ার কিছু নেই। কিন্তু তারপরও মুসলিম মুজাহিদগন সব সময়ই আন্তরিকতার সাথে চেষ্টা করেন যাতে কখনো সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত বা নিহত না হয়। কারণ যুদ্ধের নিয়ম নীতির ব্যপারে নবী মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর পক্ষ থেকে এ ব্যপারে সুস্পষ্ট ও কঠোর নির্দেশনা রয়েছে।

যেমন মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করছে না এমন নারী, বয়স্ক মানুষ এবং উপাসনালয়ের সণ্যাসীদেরকে হত্যা করতে নিষেধ করেছেন; অকারন গাছপালা কেটে ফেলতে বা জালিয়ে দিতে নিষেধ করেছেন । এমন আরো অনেক নির্দেশনা রয়েছে যা মুসলিম মুজাহিদগন মেনে চলতে আন্তরিকভাবে চেষ্টা করে থাকেন।

এখানে শ্যারল বেনার্ড যা বলতে চেয়েছে তার অর্থ হলো মুসলিম মুজাহিদদের দ্বারা যুদ্ধ ক্ষেত্রে যদি অনিচ্ছাকৃতভাবেও কোনো দুর্ঘটনা ঘটে যায়, যেমন তাদের হাতে ঘটনাক্রমে যদি কোনো সাধারণ মানুষ নিহত হয় তাহলে তা নিয়ে পত্র পত্রিকা, রেডিও টেলিভিশন ও যাবতীয় প্রচার মাধ্যম ব্যবহার করে দুনিয়াজুড়ে হুলস্থুল ফেলে দিতে হবে। সামান্য ঘটনাকে ভয়াবহ নির্মম করে তুলে ধরতে হবে, তিলকে তাল বানিয়ে উপস্থাপন করতে হবে। যাতে করে সাধারণ জনগণের সেন্টিমেন্ট মুজাহিদদের বিপক্ষে চলে যায়।

পক্ষান্তরে আমেরিকান সন্ত্রাসীরা যখন সম্পুর্ন বেসামরিক এলাকায় বোম্বিং করে আবাল বৃদ্ধ বনিতা, নারী শিশু সহ হাজার হাজার সাধারণ মানুষকে নির্মমভাবে হত্যা করে, হাসপাতালে বোম্বিং করে রোগীদেরকে হত্যা করে তখন তা যাতে দুনিয়ার মানুষ জানতে না পারে তার জন্য কার্যকর পদক্ষেপ নিতে হবে। আর যদি কোনো সাংবাদিকের দায়িত্বজ্ঞানহীনতার কারণে তা লোকেরা জেনে যায় তাহলে এই সন্ত্রাসী কর্মকাণ্ডকে বৈধতা দেয়ার জন্য কোনো যৌক্তিক কারণ দাড় করাতে হবে, কোনো কার্যকরী অজুহাত বের করতে হবে এবং এমনভাবে মানুষের মনযোগকে অন্যদিকে ঘুরিয়ে দিতে হবে যাতে তারা তা অতি দ্রুত ভুলে যায়।

তাদের এই তথ্য সন্ত্রাসের উদ্দেশ্য হলো দুনিয়ার মানুষদের মনে এই কথা যেন স্তায়ীভাবে গেঁথে যায় যে মুসলিমরা হলো মানুষের প্রতি দয়ামায়া, ভালোবাসা, মমত্ববোধ ও দায়িত্বজ্ঞানহীন এক দল নির্মম ও বর্বর লোক। পশ্চিমা প্রচার মাধ্যমগুলো এই প্রবঞ্চনা ও প্রতারণামুলক তথ্যসন্ত্রাস যুগ যুগ ধরে চালিয়ে আসছে। তারা মুসলিমদের চরিত্র হননের এমন কোনো হীন পন্থা নেই যা অবলম্বন করেনি।

কিন্তু আমি বিশ্বাস করি, যাদের মাথায় আকল জ্ঞান ও বিবেক বুদ্ধি নামক জিনিষটির সামান্য একটু পরিমাণও বিদ্যমান আছে তাদের এটা বুঝতে মোটেই কষ্ট হওয়ার কথা নয় যে আমেরিকাই হলো বর্তমান দুনিয়ার সবচেয়ে ভয়াবহ সন্ত্রাসী রাষ্ট্র; তারা ইরাকে প্রায় এক যুগ ধরে অব্যাহতভাবে তাদের সন্ত্রাসী সৈন্যদের দিয়ে নিস্পাপ শিশু ও নারীসহ লক্ষ লক্ষ সাধারণ নিরীহ মানুষকে হত্যা করে চলছে, আফগানিস্তানে চলছে তাদের নির্মম হত্যাযজ্ঞ, সোমালিয়ায় চলছে তাদের মুসলিম হত্যার পৈশাচিক কর্মকাণ্ড, পাকিস্তানের সিমান্ত এলাকায় চলছে মুসলিমদের রক্ত নিয়ে একই ধরণের বর্বর নারকীয় হোলিখেলা। এমন আরো অনেক দেশ থেকে তারা যখন যাকে চায় তাকে তারা তাদের গোপন সন্ত্রাসী বাহিনী দিয়ে তুলে নিয়ে যাচ্ছে, মুসলিম অধ্যুসিত এলাকায় যখন যেখানে চাচ্ছে বোমাবাজি করছে। ইরাক যুদ্ধ আরম্ভের পুর্বে তাদের আরোপিত নিষেধাজ্ঞার ফলে দশ লক্ষাধিক মানুষ মারা যায় এবং গোটা ইরাকী জনগন আজ যে দারিদ্রতার মধ্যে বসবাস করছে তার কারণ ছিলো সেই অবরোধ, ওষুধ সহ স্পর্ষকাতর পণ্য পর্যন্ত এই নিষেধাজ্ঞার বাইরে ছিলো না যার কারণে বিভিন্ন রকম রোগ ব্যধি ছড়িয়ে পড়ে। এই হলো 'জনদরদী' আমেরিকার 'মহৎ' কর্মকাণ্ডের সামান্য বিবরণ।

গ. মৌলবাদী, চরমপন্থি ও সন্ত্রাসীদের (অর্থাৎ মুজাহিদদের) প্রতি কোনো রকম সম্মান প্রদর্শন করা কিংবা তাদের কোনো প্রশংসা থেকে বিরত থাকতে হবে।

ঘ. তাদেরকে জণগনের সামনে মানসিক বিকারগ্রস্থ এবং কাপুরুষ হিসেবে উপস্তাপন করতে হবে, প্রতিপক্ষের বীরযোদ্ধা হিসেবে উপস্থাপন করা যাবে না।

অনেক সময় এমন হয় যে শক্রু হওয়া সত্তেও তার ব্যক্তিগত বিরোচিত গুণাবলীর কারণে আপনি তার প্রশংসা করতে বাধ্য হবেন। যেমন ধরুন মনের একান্ত ইচ্ছা সত্ত্বেও সালাহ উদ্দীন আইয়ুবীর বিরত্বের ইতিহাস পশ্চিমারা গোপন করতে পারেনি। ইতিহাসে বিভিন্ন সময় আমরা বিভিন্ন জাতি গোষ্ঠির লোকদের মাঝে আমরা যুদ্ধ বিগ্রহ সংগঠিত হতে দেখি। সেক্ষেত্রেও আমরা দেখতে পাই যে এক পক্ষ অন্য পক্ষের প্রতি ন্যূনতম একটা মানবীয় সম্মান প্রদর্শন করে থাকে। হয়তো দেখা যাবে এক দল অন্য দল সম্পর্কে বলছে যে, হ্যা, তারা আমাদের শক্রু বটে তবে তারা যে সাহসী বীর যোদ্ধা এটাও সত্য। কিন্তু এই বেনার্ড এর মতে এই ন্যূনতম নীতিবান সৈনিক সুলভ আচরণও মুজাহিদদের সাথে করা ঠিক নয়। সে বরং আরো এক ধাপ এগিয়ে গিয়ে বলছে যে তাদেরকে মানসিক বিকারগ্রস্থ এবং ভীতু কাপুরুষ হিসেবে উপস্থাপন করতে হবে। মুজাহিদদেরেকে আমরা এই **'কাওয়ার্ডলী'** বা ভীতু কাপুরুষ হিসেবে আখ্যা দেয়ার ব্যপারটা আমরা দির্ঘ দিন থেকে শুনে আসছি এবং খুবই আশ্চর্য বোধ করছি তাদের কথা শুনে। আরও আশ্চর্য হচ্ছি একারনে যে কুফফাররা না হয় তাদের শক্রুতার কারণে বলছে, কিন্তু কিছু মুসলিম নামধারী লোকও তোতা পাখির মতো তাদের সুরে সুর মিলিয়ে একই কথা বলে যাচ্ছে।

তবে আমি এখনো বুঝতে পারছি না যে ইসরাইলের সন্ত্রাসী সৈন্যদেরকে, যারা বুলেট প্রুফ জ্যাকেট ও স্টিলের হেলমেট পরে, বালুর ব্যাগের পিছনে ভীতুর মতো লুকিয়ে অবস্থান করা সত্ত্বেও ফিলিস্তিনি বাচ্চাদের ছোড়া পাথরের ভয়ে পালিয়ে যায়, তাদেরকে কিভাবে বীর পুরুষের সার্টিফিকেট দেয়া হচ্ছে! অথচ যে ফিলিস্তিনি বাচ্চারা খালি গায়ে ট্রাউজার আর টি শার্ট পরে কোনো রকম আগ্নেয়াস্ত্র ছাড়া হাতে শুধূ পাথর নিয়ে তাদেরকে ধাওয়া করে যাচ্ছে তারা কিভাবে ভীতু কাপুরুষ হয়ে গেলো? আমার কিছুতেই তা বুঝে আসে না!!!

একইভাবে আমার বুঝে আসে না আমেরিকার যে **'বীর পুরুষেরা'** নিশছিদ্র নিরাপত্তার মধ্যে থেকে, বুলেট প্রুফ সামরিক যানের মধ্যে বসে ট্রিগার টিপে যুদ্ধ করে কিভাবে তারা বীর পুরুষ উপাধী পায়! পক্ষান্তরে সামান্য হালকা অস্ত্র নিয়ে গেরিলা যুদ্ধে যে ইরাকী মুজাহিদরা আমেরিকান সৈন্যদের হৃৎপিণ্ডে কম্পন ধরিয়ে দিলো তারা কিভাবে কাপুরুষ হয়ে গেলো!

আমি সত্যিই বুঝতে পারছি না, যেসব মুসলিম বীর যোদ্ধারা কোনো বেতনভোগী সৈন্য নয়, যারা সেচ্ছায় সজ্ঞানে, স্বানন্দে নিজের জীবনটাকে আল্লাহর সন্তুষ্টির বিনিময়ে কোরবানী করে দেয়, যারা তাদের আদর্শ বিশ্বাসকে বাচিয়ে রাখার জন্য জীবনটাকে হাতের মুঠোয় নিয়ে সামনে এগিয়ে যায়, যারা হাসিমুখে মৃত্যুকে বরণ করে নেয় সেই মহান শহীদগন কিভাবে কাপুরুষ হয়ে গেলেন! অথচ এসব কুফফারদের সাথে সাথে মুসলিম নামধারী কিছু কুলাঙ্গারও তোতা পখির মতো তাদেও সুরে সুর মিলিয়ে একই কথা বলে যাচ্ছে।

ঙ. মৌলবাদী ও সন্ত্রাসী (মুজাহিদ) ব্যক্তি ও সংগঠনের দুর্নীতি, কপটতা ও অনৈতিক বিষয়াদি সম্পর্কে তদন্ত করে (তাতে মিথ্যার প্রলেপ দিয়ে) জনসমক্ষে প্রকাশ করা।

আসলে সে যা বলতে চেয়েছে তা হলো, তাদের নামে মিথ্যা বানোয়াট কাহিনী তৈরী করে মিথ্যা মামলায় জড়িয়ে আসামী বানিয়ে জেল জরিমানা সহ চরম ভয়াবহ শাস্তি দেয়া উচিত। এমনই এক মিথ্যা মামলার শিকার হলেন আমেরিকার একজন ইমাম জামিল আমীন; একজন পুলিশ অফিসারকে হত্যার অভিযোগে তাকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়।

হুমাইদান আত তুর্কী, ডেনভার কলারোডার আল বাশীর পাবলিকেশনের প্রধান; তাকে তার গৃহ পরিচারিকাকে ধর্ষণের দায়ে অভিযুক্ত করে যাজ্জীবন কারাদণ্ড দেয়া হয়। কি জঘণ্য ষড়যন্ত্রই না এরা করতে পারে!

